গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১২০.০৫.০০৩.২৪-৭৭ তারিখ: ৩০/০৯/২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: জারিকৃত 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' সংক্রান্ত সাধারণ নির্দেশাবলি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' গত ১১/১২/২০২৪ খ্রি. সরকার কর্তৃক জারি হয়েছে। জারিকৃত বিধিমালার উপবিধি ২৪। (১) মোতাবেক 'এই (মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪)' বিধিমালা কার্যকর হইবার সংগে সংগে 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১' রহিত হইবে। সে প্রেক্ষিতে, 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' সংক্রান্ত নিম্নোল্লিখিত সাধারণ নির্দেশাবলি প্রদান করা হলো:

১। 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' কার্যকর হবার পর হতে অর্থাৎ ১১/১২/২০২৪ খ্রি. হতে 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর অর্ন্তভূক্ত সকল কার্যক্রম উক্ত বিধিমালা অনুসারে পরিচালিত হবে।

২। 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১' এর আওতায় প্রণীত সকল ক্যাটাগরি-১ (মৎস্যখাদ্য উৎপাদন কারখানা, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ) লাইসেন্সধারী প্রতিষ্ঠান 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর আওতায় ক্যাটাগরি-১ (মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ) লাইসেন্সধারী প্রতিষ্ঠান হিসেবেই বিবেচিত হবে। অবশ্য শর্ত থাকে যে, 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর উপবিধি ৪(ক) এবং তফসিল-১ এ বর্ণিত সকল সুবিধাদি বিবেচনায় নিয়ে লাইসেন্স নবায়ন করতে হবে। এছাড়াও, ১১/১২/২০২৪ খ্রি. এর পূর্বে প্রদানকৃত সকল ক্যাটাগরি-১ লাইসেন্স 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর আওতায় প্রদত্ত ক্যাটাগরি-১ এর অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে।

৩। 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর ক্যাটাগরি-২ (চুক্তিভুক্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স) এর ক্ষেত্রে ক্যাটাগরি-১ (মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ) এর সাথে চুক্তিভুক্ত থাকতে হবে। তবে শর্ত থাকে যে, ক্যাটাগরি-২ (চুক্তিভুক্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ) লাইসেন্সধারী প্রতিষ্ঠান ক্যাটাগরি-১ (মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ) লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিজস্ব বার্ষিক উৎপাদন ক্ষমতার অধিক উৎপাদন করতে পারবে না। এছাড়া, 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর উপবিধি ৩(৯), ৩(১০), ৩(১১), ৩(১২), ৩(১৩), ৩(১৪), ৪(খ) এবং তফসিল-২ এ বর্ণিত সুবিধাদি বিবেচনায় নিয়ে ক্যাটাগরি-২ (চুক্তিভুক্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ) লাইসেন্স প্রদান করতে হবে।

৪। 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১' এর আওতায় প্রণীত সকল ক্যাটাগরি-২ (মৎস্যখাদ্য উপকরণ আমদানি ও রপ্তানি) লাইসেন্সধারী প্রতিষ্ঠান 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর আওতায় ক্যাটাগরি-৩(ক) (মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানি) লাইসেন্সধারী প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হবে। অবশ্য শর্ত থাকে যে, 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর উপবিধি ৪(গ) এবং তফসিল-৩ এ বর্ণিত সকল সুবিধাদি বিবেচনায় নিয়ে তবেই লাইসেন্স নবায়ন করা যাবে। এছাড়াও, ১১/১২/২০২৪ খ্রি. এর পূর্বে প্রদানকৃত সকল ক্যাটাগরি-২ লাইসেন্স 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর আওতায় প্রদত্ত ক্যাটাগরি-৩(ক) এর অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে।

৫। 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর উপবিধি ৪(গ) এবং তফসিল-৩ এ বর্ণিত সকল সুবিধাদি বিবেচনায় নিয়ে ক্যাটাগরি-৩(খ) (মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ রপ্তানি) লাইসেন্স প্রদান করতে হবে।

৬। 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১' এর আওতায় প্রণীত ক্যাটাগরি-৩(ক) (মৎস্যখাদ্য বিক্রয় পাইকারী) এবং ক্যাটাগরি-৩ (খ) (মৎস্যখাদ্য বিক্রয় খুচরা) লাইসেন্সসমূহ 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' মোতাবেক যথাক্রমে ক্যাটাগরি-৪(ক) (মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ পাইকারী বিক্রয়ের লাইসেন্স) এবং ক্যাটাগরি-৪(খ) (মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ খুচরা বিক্রয় বিক্রয়ের লাইসেন্স) হিসেবে বিবেচিত হবে। এছাড়াও, ১১/১২/২০২৪ খ্রি. এর পূর্বে প্রদানকৃত সকল ক্যাটাগরি-৩(ক) এবং ৩(খ) লাইসেন্স যথাক্রমে 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর আওতায় প্রদত্ত ক্যাটাগরি-৪(ক) ও ৪(খ) লাইসেন্সের অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে।

৭। 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' কার্যকর হবার পর হতে অর্থাৎ ১১/১২/২০২৪ খ্রি. হতে সকল প্রকার লাইসেন্সের আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি, আপিল ফি এই বিধিমালার তফসিল ১৪ মোতাবেক আদায় করতে হবে। নির্দিষ্ট ফি আদায়ের ক্ষেত্রে উপবিধি ৫(১), ৫(২), ৫(৩), ৫(৪) বিবেচনায় নিতে হবে।

৮। 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪' এর আওতায় প্রদত্ত সকল লাইসেন্স কপি, নবায়নকৃত লাইসেন্স কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্সের আপিল কপি আবশ্যিকভাবে মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে।

এমতাবস্থায় বিষয়টিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

০৫/০১/২০২৫

(ড. মোঃ আবদুর রউফ)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
ফোন: ০২-২২৩৩৮২৮৬১
ই-মেইল: dg@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১২০.০৫.০০৩.২৪-৭৭ তারিখ: ০৫/০১/২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক (অভ্যন্তরীণ-মৎস্য/ সামুদ্রিক/ব্লু-ইকোনমি)/রিজার্ভ/মৎস্য প্রশিক্ষণ একাডেমি)/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরীপ/মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ)/মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/ সাভার, ঢাকা/সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
২. উপ-পরিচালক (অর্থ/পরিকল্পনা/ প্রশাসন/ মৎস্যচাষ/ ফিল্ড সার্ভিস/ চিংড়ি/ রিজার্ভ/............), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩. বিভাগীয় উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর ঢাকা বিভাগ, ঢাকা।
৪. উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।
৫. কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্টোল ল্যাবরেটরি, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।
৬. প্রকল্প পরিচালক (সকল) ------------------------------------------।
৭. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)------------------------------------------।
৮. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা(সকল)------------------------------------------।
৯. মৎস্য সঙ্গনিরোধ কর্মকর্তা (সকল)------------------------------------------।
১০. প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ করা হলো)।
১১. খামার ব্যবস্থাপক (সকল)------------------------------------------।
১২. জনাব------------------------------------------মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৩. দপ্তর নথি

৩০/০১/২০২৫

(ড. মোঃ আমিমুল এহসান)
উপপরিচালক (মৎস্যচাষ)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
ফোন: ০২-২২৩৩৮১৫৯২
ই-মেইল: ddaqua@fisheries.gov.bd